

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

নং-১৭.০০.০০০০.০৪৫.১১.০০১.১৬-৩৬

তারিখঃ ৩১ ফাল্গুন ১৪২২
১৪ মার্চ ২০১৬

বিষয় : স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন, ২০১৬ এ দায়িত্বপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর নিকট দাখিলকৃত অভিযোগের বিষয়ে গৃহিত ব্যবস্থা সম্পর্কে প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ০৬ (ছয়) পর্যায়ে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে পর্যায়ক্রমে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ প্রদান করা হচ্ছে। সকল ইউনিয়নে দায়িত্বপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর প্রতিবেদন এর সংকলন কমিশনে উপস্থাপনের লক্ষ্যে প্রার্থীর আচরণ বিধিমালা লঙ্ঘনের বিষয়সহ অন্যান্য বিষয়ে যে সকল অভিযোগ দাখিল করা হয়েছে সে বিষয়ে প্রতিদিন নির্বাচন কমিশন সচিবালয়ে প্রতিবেদন দাখিল করতে হবে।

০২। প্রতিটি নির্বাচনি এলাকায় আচরণ বিধি প্রতিপালনের বিষয়ে “ছক” এ প্রদত্ত নমুনা অনুযায়ী আচরণ বিধি প্রতিপালন/অভিযোগের বিষয়ে গৃহিত ব্যবস্থা সম্পর্কে পূর্বদিনের প্রতিবেদন পরবর্তী দিন সকাল ৯.৩০ ঘটিকার মধ্যে প্রত্যেক এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন) মহোদয়ের অফিস web mail এর address (ds_law@ecs.gov.bd) এ প্রেরণ করবেন।

ছক

ইউনিয়নের নামঃ

ওয়ার্ড নম্বরঃ.....সাধারণ/সংরক্ষিত (প্রযোজ্য ক্ষেত্রে)

ক্রমিক নং	এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহিত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

০৩। তাছাড়া, সকল এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নির্ধারিত ছকে প্রতিদিনের প্রতিবেদন এর কপি জেলা ম্যাজিস্ট্রেট এর নিকট এবং একটি কপি রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করবেন।

০৪। উপরিউক্ত নির্দেশনা অনুসারে এই পত্রের কপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দায়িত্ব প্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে বলা হলো।

(মোঃ মাসিনুল হক)
উপসচিব (আইন)
ফোন: ৯১৮০৮৩৬

প্রাপকঃ (১) জেলা নির্বাচন অফিসার,(সংশ্লিষ্ট সকল)
(২) সিস্টেম এনালিস্ট (উপাত্ত ব্যবস্থাপনা), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপিঃ

১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
২. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
৩. অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (নির্বাচনি ব্যবস্থাপনা)/যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
৪. জেলা ম্যাজিস্ট্রেট.....(সকল জেলা)।